

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭৯৮(আগরতলা, ১৯।০২)

উদয়পুর, ১৯ ফেব্রুয়ারি, ২০২০

২১ ফেব্রুয়ারি উদয়পুরে মাতৃভাষা দিবস

জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয় এবং বিদ্যালয় শিক্ষা দপ্তরের যৌথ উদ্যোগে আগামী ২১ ফেব্রুয়ারি উদয়পুর টাউনহলে জেলাভিত্তিক আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপিত হবে। এই উপলক্ষে র্যালি, আলোচনাচক্র ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। এতে মহকুমার বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী ও সাংস্কৃতিক সংস্থার শিল্পীরা অংশগ্রহণ করবেন। এই অনুষ্ঠানের উদ্বোধন করবেন গোমতী জিলা পরিষদের সভাপতি স্বপন অধিকারী। প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন বিধায়ক বিপ্লব কুমার ঘোষ। সম্মানিত অতিথি হিসাবে থাকবেন উদয়পুর পুর পরিষদের চেয়ারপার্সন শীতল চন্দ্র মজুমদার, এম ডি সি জয় কিশোর জমতিয়া, নেতাজী সুভাষ মহাবিদ্যালয়ের অধ্যক্ষা দ্বীপানিতা চক্রবর্তী প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন জেলা সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সভাপতি পদ্মমোহন জমতিয়া।
